উপজেলা পরিষদ
জামালপুর সদর, জামালপুর।
**jamalpursadar.jamalpur.gov.bd**

জুলাই, ২০২৫ মাসের উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জিন্নাত শহীদ পিংকি |
| পদবী | : | প্রশাসক, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর। |
| সভার তারিখ | : | ১৭ জুলাই, ২০২৫খ্রি:। |
| সময় | : | সকাল: ১০.০০ ঘটিকা |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ সভাকক্ষ, জামালপুর সদর, জামালপুর। |

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো:-

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে প্রশাসক হিসাবে উপজেলা নির্বাহী অফিসার, জামালপুর সদর গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কোন সংশোধনী না থাকায় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। অতঃপর বিভাগওয়ারী আলোচনান্তে নিম্মোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/সংস্থা |
|---|---|---|---|---|
| ০১. | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, জামালপুর সদর, সভায় বলেন যে, ইপিআই এবং এইচপিভি টিকা কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া ০৭টি ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্রের জুন, ২৫ মাসে আগত সেবা গ্রহীতার রোগীর সংখ্যা ৯,২৫১ জন। ৬৩ টি কমিউনিটি ক্লিনিকে সেবা গ্রহীতার রোগীর সংখ্যা ৪২,৬৮৮ জন, গর্ভকালীন (এএনসি) সেবা গ্রহীতার রোগীর সংখ্যা ১,৫৪১ জন, প্রসব পরবর্তী (পিএনসি) সেবা গ্রহীতার রোগীর সংখ্যা ৯৮২ জন, ডায়রিয়া রোগীর সংখ্যা ৩৬৩ জন এবং এ আর আই রোগীর সংখ্যা ৪৫৯ জন। তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে স্বাস্থ্য সেবার মান নিশ্চিত করণ সহ বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা জামালপুর সদর জামালপুর। |
| ০২. | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, জামালপুর সদর, সভায় বলেন যে, জুলাই/২৫ উঠান বৈঠক করা হয়েছে-০৮টি, ভ্যাক্সিনেশন ক্যাম্প-০৪টি, গবাদি প্রাণি, হাঁস মুরগী ও পোষা প্রাণীর চিকিৎসা প্রদান করা হয়েছে-৩২,০০০টি। ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প করা হয়েছে-০২টি। এছাড়া উক্ত মাসে উপজেলা প্রাণীসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, সদর কর্তৃক গাভীকে কৃত্রিম প্রজনন করা হয়েছে ১,৭০০ টি। Lumpy Skin Disease নিয়ে সচেতনতামূলক প্রচার কার্যক্রম অব্যাহত রয়েছে। এছাড়া তার দপ্তরের বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠ ও সুন্দরভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জামালপুর সদর জামালপুর। |
| ০৩. | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা, জামালপুর সদর, সভায় বলেন যে, চলতি মৌসুমে প্রণোদনা কর্মসূচীর আওতায় (১১ ধরনের) ৩৯০০ জন কৃষকের মাঝে বিতরণ করা হয়েছে। এছাড়া ১৭০০ জন শিক্ষার্থীর মাঝে ৪ ধরণের গাছের চারা, ১৭০ জন কৃষকের মাঝে ৫টি করে আমের চারা, ৪টি নার্সারীতে ২০৫০টি ইউক্যালিয়াটাস চারা বিনষ্ঠ করন ও ক্ষতিপূরন দেওয়া হয়েছে। এছাড়া ১১ জন পেয়াজ চাষীদের মধ্যে পেয়াজ সংরক্ষনের জন্য এয়ার ফ্লো মেশিন বিতরণ, প্রতিষ্ঠান পর্যায়ে ৬৯০টি নারিকেল চারা বিতরণ, কৃষক গ্রুপে ৪০০টি তালের চারা বিতরণ, ৩০০ জন কৃষকের মাঝে লেবুর চারা বিতরণ শেষ পর্যায়ে রয়েছে। এছাড়া কৃষি বিভাগের মাধ্যমে ২৮,২৯,৩০ জুলাই/২০২৫ কৃষি মেলা অনুষ্ঠিত হবে। সকলকে আমন্ত্রণ জানানো হয়েছে। এছাড়া কৃষি বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে মাঠ পর্যায়ে কৃষকদের ফসলের বিভিন্ন সমস্যা সমাধানের পরামর্শ প্রদানের জন্য অনুরোধ করা হলো। | উপজেলা কৃষি অফিসার জামালপুর সদর জামালপুর। |
| ০৪. | উপজেলা মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, জামালপুর সদর, সভায় বলেন যে, গত ০১ নভেম্বর/২৪ থেকে ৩০ জুন/২৫ পর্যন্ত জাটকা আহরণ, পরিবহন, বিক্রয়, মজুদ ছিল। আফ্রিকান মাগুর, পিরানহা, সাকার মাউথ ও ক্যাটফিস যেন কেউ চাষ, বিক্রয় বা মজুদ করতে না পারে সেজন্য নিয়মিত মাছের বাজার পরিদর্শন ও বিভিন্ন অভিযান পরিচালনা করা হচ্ছে। । এছাড়া দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম সরকারি নীতিমালা মোতাবেক সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জামালপুর সদর জামালপুর। |
| ০৫. | স্থানীয় সরকার ও প্রকৌশল বিভাগ | (ক) উপজেলা প্রকৌশলী, এলজিইডি, জামালপুর সদর, সভায় বলেন যে, ২০২৪-২৫ অর্থ বছরের আওতায় রাজস্ব উদ্বৃত্ত ও থোক বরাদ্দের বিপরীতে পিআইসি ও টেন্ডার প্রক্রিয়ার মাধ্যমে সকল কাজ বাস্তবায়ন শেষ হয়েছে। এ জন্য সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানান।<br><br>(খ) উপজেলা প্রকৌশলী সভায় আরো বলেন যে, ২০২৫-২৬ অর্থ বছরের আওতায় রাজস্ব উদ্বৃত্ত বাবদ ৪,৩৮,০৯,৩০১ (চার কোটি আটত্রিশ লক্ষ নয় হাজার তিনশত এক) টাকা উন্নয়ন তহবিলে স্থানান্তর করা হয়েছে। উক্ত বরাদ্দের বিপরীতে বিভিন্ন ইউনিয়ন থেকে প্রকল্প তালিকা সংগ্রহ করে খাতওয়ারী নীতিমালা মোতাবেক কাজ বাস্তবায়ন করা হবে। এছাড়া তিনি সভাকে আরো জানান যে, (পরিশিষ্ট তালিকা-ক) চাহিদা মোতাবেক (ক) অতি বৃষ্টির ফলে সদর উপজেলার বিভিন্ন রাস্তা মেরামত (খ) শাহবাজপুর নয়াপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় সংস্কার (গ) গোপিনাথপুর জমির হাজীর বাড়ী থেকে মহুরী মোড়ের সামনের রাস্তা প্যালাসাইটিং করন (ঘ) বিভিন্ন ইউনিয়নে ডেঙ্গু প্রতিরোধে বিভিন্ন ধরনের কার্যক্রম গ্রহণ ও অবহিতকরণ | সভায় বিস্তারিত আলোচনান্তে ২০২৪-২০২৫ অর্থ বছরের আওতায় অবশিষ্ট কাজ দ্রুত ও নির্দিষ্ট সময়ে শেষ করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>(খ) বিস্তারিত আলোচনান্তে ২০২৫-২৬ অর্থ বছরের আওতায় উন্নয়ন তহবিলে স্থানান্তরিত রাজস্ব উদ্বৃত্ত বাবদ ৪,৩৮,০৯,৩০১ (চার কোটি আটত্রিশ লক্ষ নয় হাজার তিনশত এক) টাকার বিপরীতে বিভিন্ন ইউনিয়ন থেকে প্রকল্প তালিকা সংগ্রহ করে খাতওয়ারী নীতিমালা মোতাবেক কাজ বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকৌশলী জামালপুর সদর জামালপুর।<br><br>উপজেলা প্রকৌশলী জামালপুর সদর জামালপুর। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | কর্মশালা আয়োজন (ঙ) বিভিন্ন ইউনিয়নের প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষা সহায়তা সামগ্রী বিতরণ (চ) বিভিন্ন ইউনিয়নের খাস পুকুর সংস্কার ও পোনা অবমুক্ত করন (ছ) বাল্য বিবাহ রোধে কর্মশালা আয়োজন (জ) নারী নির্যাতন ও ইভটিজিং রোধে কর্মশালা আয়োজন (ঝ) জন্ম ও মৃত্যু নিবন্ধন গতিশীলতা আনয়নের জন্য কর্মশালা আয়োজন (ঞ) তামাক ও মাদক দ্রব্য নিয়ন্ত্রনে অবহিত করন কর্মশালা আয়োজন (ট) বিভিন্ন ইউনিয়নের শিক্ষা প্রতিষ্ঠানে স্কুল বেঞ্চ সরবরাহ (ঠ) বাশচড়া ইউনিয়নের এস.বি.জি মর্ডান উচ্চ বিদ্যালয়ের মেরামত ও বাশচড়া ইউনিয়নের ফরিদপুর গুলপাড়া নুরানী মাদ্রাসা থেকে বৈঠামারী আখ সেন্টার পর্যন্ত রাস্তা সংস্কার এবং (ড) জুলাই শহীদদের কবর পাকাকরণ, স্মরণ সভা ও বৃক্ষ রোপণ করার জন্য সুপারিশ পেশ করেন। | এছাড়া (পরিশিষ্ট তালিকা-ক) মোতাবেক (ক) অতি বৃষ্টির ফলে সদর উপজেলার বিভিন্ন রাস্তা মেরামত (খ) শাহবাজপুর নয়াপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় সংস্কার (গ) গোপিনাথপুর জমির হাজির বাড়ী থেকে মহুরী মোড়ের সামনের রাস্তা প্যালাসাইটিং করন (ঘ) বিভিন্ন ইউনিয়নে ডেঙ্গু প্রতিরোধে বিভিন্ন ধরনের কার্যক্রম গ্রহণ ও অবহিতকরণ কর্মশালা আয়োজন (ঙ) বিভিন্ন ইউনিয়নের প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষা সহায়তা সামগ্রী বিতরণ (চ) পুকুর সংস্কার ও পোনা অবমুক্ত করন (ছ) বাল্য বিবাহ রোধে কর্মশালা আয়োজন (জ) নারী নির্যাতন ও ইভটিজিং রোধে কর্মশালা আয়োজন (ঝ) জন্ম ও মৃত্যু নিবন্ধন গতিশীলতা আনয়নের জন্য কর্মশালা আয়োজন (ঞ) তামাক ও মাদক দ্রব্য নিয়ন্ত্রনে অবহিত করন কর্মশালা আয়োজন এবং (ট) বিভিন্ন ইউনিয়নের শিক্ষা প্রতিষ্ঠানে স্কুল বেঞ্চ সরবরাহ (ঠ) বাশচড়া ইউনিয়নের এস.বি.জি মর্ডান উচ্চ বিদ্যালয়ের সংস্কার ও বাশচড়া ইউনিয়নের ফরিদপুর গুলপাড়া নুরানী মাদ্রাসা থেকে বৈঠামারী আখ সেন্টার পর্যন্ত রাস্তা সংস্কার এবং (ড) জুলাই শহীদদের কবর পাকাকরণ, স্মরণ সভা ও বৃক্ষ রোপণ প্রকল্প সর্বসম্মতিক্রমে গ্রহণ ও বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| ০৬. | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, জামালপুর সদর, সভায় বলেন যে, তাঁর দপ্তরের আওতায় জুন, ২০২৫ মাসে সক্ষম দম্পতির সংখ্যা ১,১৩,৫২৮ জন, স্থায়ী জন্ম নিয়ন্ত্রণ পদ্ধতি গ্রহণ করেছে (মহিলা) ০০ জন এবং পুরুষ ০০ জন, দীর্ঘ মেয়াদী পদ্ধতি (আই.ইউ.ডি) ১১৩ জন, দীর্ঘমেয়াদী পদ্ধতি (ইমপ্ল্যান্ট) ০৪ জন, নরমাল ডেলিভারী সেবা প্রদান করা হয়েছে ৭৪ জন এবং সিজারিয়ান প্রসবসেবা ০৫ জন। পদ্ধতি গ্রহণকারীর হার (সি.এ.আর) ৭৫.২৪%। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে স্বাস্থ্য কেন্দ্রে আগত সেবা গ্রহীতাদের সেবার মান বৃদ্ধি করতে হবে এবং জনসংখ্যার ভয়াবহতা বৃদ্ধি রোধে কার্যকরী ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা জামালপুর সদর জামালপুর। |
| ০৭. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, জামালপুর সদর সভায় বলেন যে, ২০২৪-২৫ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার কর্মসূচীর আওতায় উপজেলা পরিষদ ওয়ারী ১ম ও ২য় ও তৃতীয় পর্যায়ের ১৬১টি প্রকল্প এবং গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি.আর) কর্মসূচীর আওতায় ১ম ও ২য় ও তৃতীয় পর্যায়ের ২৯৭টি গৃহিত প্রকল্পের কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে শেষ হয়েছে। এছাড়া ২০২৪-২৫ অর্থ বছরে অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচীর আওতায় উপকারভোগীর তালিকা হালনাগাদ করনের কাজ সমাপ্ত হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সঠিক ভাবে চলমান রয়েছে। | সরকারি নীতিমালা মোতাবেক টিআর, কাবিখা ও কাবিটার কাজ বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জামালপুর সদর,জামালপুর। |
| ০৮. | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, জামালপুর সদর, সভায় বলেন যে, সুষ্ঠ ও সুন্দর পরিবেশে এইচএসসি পরীক্ষা চলমান রয়েছে। এডমিট না পাওয়ায় ১৩ জন শিক্ষার্থীকে বিশেষ ব্যবস্থায় পরীক্ষার ফরমপূরণসহ এডমিট প্রদানের ব্যবস্থা করা হয়েছে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম সঠিকভাবে চলমান রয়েছে। | নকলমুক্ত পরিবেশে এইচএসসি পরীক্ষা গ্রহণসহ বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জামালপুর সদর। |
| ০৯. | উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার, জামালপুর সদর, জামালপুর সভায় বলেন যে, ০১/০৭/২০২৫খ্রি: হতে ১৫/০৭/২০২৫খ্রি: পর্যন্ত সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষার্থীদের মূল্যায়নের লক্ষে গৃহীত এসেসমেন্ট টুলস ব্যবহার করে শিখন অবস্থান নির্ধারণ ও শিক্ষন উন্নতিকরনে মূল্যায়ন অনুষ্ঠিত হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠ ও সুন্দরভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার জামালপুর সদর জামালপুর। |
| ১০. | উপজেলা মহিলা বিষয়ক কার্যালয় | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় বলেন যে, তার দপ্তরের কাজ সঠিক ও সুন্দর ভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জামালপুর সদর জামালপুর। |
| ১১. | উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, জামালপুর সদর, জামালপুর সভায় বলেন যে, বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী, হিজড়া, অনগ্রসর ভাতা ও প্রতিবন্ধি শিক্ষা উপবৃত্তি, অনগ্রসর শিক্ষা উপবৃত্তি প্রাপ্তদের ৪র্থ কিস্তির তিন মাসের পে-রোল প্রেরণ করা হয়েছে। পে-রোল প্রেরণের পরবর্তীতে অসাধু হ্যাকারদের প্রতারণার প্রবণতা বৃদ্ধি পায়। তাই সবাইকে ভাতাভোগীদের পিন নম্বর সর্তক | সরকারি নির্দেশনা মোতাবেক বিভাগীয় কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহিত হয় এবং পিন নাম্বার সম্পর্কে উপকার ভোগীদের সচেতনতা বৃদ্ধির জন্য ইউপি | ১। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, জামালপুর সদর ২।চেয়ারম্যান........(সকল) ইউপি, জামালপুর সদর। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | রাখার জন্য অনুরোধ করা হয়। মৃত ভাতাভোগীদের দ্রুত সময়ের মধ্যে প্রতিস্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে ইউনিয়ন কমিটির প্রতিনিধিদের বিশেষভাবে নির্দেশনা প্রদান করেন। তাছাড়া এতিমদের মাঝে শিক্ষা উপকরন বিতরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে আন্তরিকভাবে ধন্যবাদ জানান। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। | |
| ১২. | উপজেলা আইসিটি বিভাগ | উপজেলা আইসিটি কর্মকর্তা সভায় বলেন যে, বিভিন্ন দপ্তরের কর্মকর্তা কর্মচারীর বদলী এবং যোগদানের বিষয়টি নিয়মিত হলেও সংশ্লিষ্ট দপ্তর গুলোর ওয়েব পোর্টালে তথ্য হালনাগাদ করা হচ্ছে না। এ বিষয়ে সংশ্লিষ্ট দপ্তরগুলোকে দ্রুত পোর্টালের তথ্য হালনাগাদ করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়েছে এছাড়া তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি) প্রকল্প এর মাধ্যমে জামালপুর সদর উপজেলার বিভিন্ন প্রতিষ্ঠানে ৪৭০টি ইন্টারনেট সংযোগ স্থাপনের কাজ চলমান। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা আইসিটি কর্মকর্তা<br>জামালপুর সদর<br>জামালপুর। |
| ১৩. | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, জামালপুর সদর, জামালপুর সভায় জানান, "সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ" প্রকল্পের আওতায় সাবমার্সিবল পাম্প বোরিং কার্যক্রম সম্পন্ন হয়েছে। এছাড়া পিইডিপি-৪ প্রকল্পের আওতায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশ ব্লকের কাজ চলমান রয়েছে। পিইডিপি-৪ এর আওতায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সাবমার্সিবল পাম্পযুক্ত অগভীর নলকূপ ও হ্যান্ড ওয়াশ, বেসিন কাজ সমাপ্ত হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | উপ-সহকারী প্রকৌশলী<br>জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর<br>জামালপুর সদর<br>জামালপুর। |
| ১৪. | বিএডিসি (সেচ) | সহকারী প্রকৌশলী (সওকা) বিএডিসি, জামালপুর সভায় বলেন যে, ২০২৪-২৫ অর্থ বছরে জামালপুর জেলার সদর উপজেলা সমূহে বারিড পাইপ লাইনের (ভূ-গর্ভস্থ সেচনালা) মাধ্যমে ৩৫টি গভীর নলকূপ দ্বারা ৯০০ হেক্টর, ০৪ টি এলএলপি দ্বারা ৯০ হেক্টর এবং ২টি সৌর বিদ্যুৎ চালিত ডাগওয়েল দ্বারা সেচ সুবিধা প্রদান করা হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | সহকারী প্রকৌশলী (সওকা)<br>বিএডিসি, জামালপুর জোন<br>জামালপুর ও সদস্য-সচিব<br>উপজেলা সেচ কমিটি<br>সদর, জামালপুর। |
| ১৫. | এজিএম পল্লী বিদ্যুৎ সমিতি | সহঃ জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ, জামালপুর সভায় বলেন যে, জুন/২৫ মাসে নতুন বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়েছে সর্বমোট ৭৮টি। এছাড়া জামালপুর সদর উপজেলাধীন সকল ইউনিয়ন পরিষদে বকেয়া রয়েছে ৪১,১১৬ টাকা, সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ২৬,৯৪৭ টাকা, কমিউনিটি ক্লিনিকে ২,৭৩০টাকা এবং অন্যান্য ২,৩১,৯৮৪ টাকা সহ সর্বমোট ৩,০২,৭৭৭ টাকা। সকল প্রতিষ্ঠানকে তাদের সমুদয় বকেয়া পরিশোধের জন্য এ সভার মাধ্যমে অনুরোধ জানান।<br>এছাড়া লো-ভোল্টেজ, লাইন রক্ষণাবেক্ষণ জনিত কারণে মাঝেমধ্যে লোডশেডিং করতে হয়। লোডশেডিং কালীন সময়ে ধৈর্য সহকারে সহযোগীতা করার জন্য এ সভার মাধ্যমে সকলকে সবিনয় অনুরোধ করেন। এছাড়া নিরাপদ বিদ্যুৎ ব্যবহার/বিদ্যুৎ সাশ্রয়/অন্যান্য বিষয়ে গ্রাহক প্রান্তে ০১টি গণশুনানী ও ০১টি উঠান বৈঠকের আয়োজন করা হয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারি নির্দেশনা ও নিয়ম মোতাবেক নতুন বিদ্যুৎ সংযোগ স্থাপন ও বকেয়া বিদ্যুৎ বিল উত্তোলন করার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | এজিএম<br>পল্লী বিদ্যুৎ সমিতি<br>জামালপুর। |
| ১৬. | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, জামালপুর সদর, সভায় জানান যে, তার দপ্তর থেকে চলতি অর্থ বছরে ঋণ বিতরণ করা হয়েছে ২৭,৫০,০০০ টাকা এবং বর্তমান মাসে আদায়কৃত ঋণের পরিমাণ ২,০৪,৪৬৩ টাকা। চলতি অর্থ বছরে প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা ৪২০ জন। প্রশিক্ষন বাস্তবায়ন করা হয়েছে ৪২০ জন এবং নিবন্ধনকৃত যুব সংগঠন রয়েছে ১৫ টি। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে ঋণ বিতরণ এবং ঋণ গ্রহিতা যুব ও যুবতীদের ঋণের সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করতে হবে এবং নতুন নতুন কর্মসংস্থান সৃষ্টির পাশাপাশি অন্যান্য কার্যক্রম এর সুষ্ঠুভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা<br>জামালপুর সদর<br>জামালপুর। |
| ১৭. | উপজেলা খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, জামালপুর সদর সভায় বলেন যে, জামালপুর জেলা সদরে ১০ জন ওএমএস ডিলারের মাধ্যমে দৈনিক ১০ মে.টন করে চাল ও দৈনিক ১৫ মে.টন আটা বিক্রয় কার্যক্রম চলমান আছে। অভ্যন্তরীণ বোরো সংগ্রহ/২০২৫ মৌসুমের আওতায় জামালপুর সদর উপজেলায় সিদ্ধ চালের ১৯,২৬৪ মে.টন লক্ষ্যমাত্রার বিপরীতে সিংহজানী এলএসডিতে ১৩,৩১৫.৩৮০ মে.টন সিদ্ধ চাল ও পিয়ারপুর এলএসডিতে ৫,৮১৬.৩৭০ মে.টন সহ সর্বমোট ১২,০৩৯.৩৮০ মে.টন সিদ্ধ চাল সংগ্রহ করা হয়েছে। যার শতকরা হার ৬২.৪৯%। আগামী ৩১/০৮/২০২৫খ্রিঃ পর্যন্ত বোরো সংগ্রহ/২০২৫ কার্যক্রম চলমান থাকবে। বোরো ধানের লক্ষ্যমাত্রা ২,৪৪৫ মে.টন। গত ৩০/০৬/২০২৫খ্রিঃ তারিখের মধ্যে লক্ষ্যমাত্রার শতভাগ ধান ক্রয় সম্পন্ন হয়েছে। খাদ্যবান্ধব কর্মসূচীতে উপকারভোগীদের তালিকায় মৃত, স্বচ্ছল পরিবার ও অবস্থান ত্যাগ ভোক্তাদের তথ্য হালনাগাদের নিমিত্তে সকল ইউনিয়ন পরিষদে পত্র প্রেরণ করা হয়েছে এবং মোবাইলে তাগিদ অব্যাহত আছে। আগামী ১৭/০৭/২০২৫খ্রিঃ তারিখের মধ্যে হালনাগাদকৃত তালিকা সফটওয়্যারে আপলোড করতে হবে। এছাড়া গত ১৫/০৭/২০২৫খ্রিঃ তালিখে জুলাই/২৫ মাসের টিসিবি খাতে চালের বরাদ্দ পাওয়া গেছে। এবং জুন/২০২৫ মাসের জন্য ৬০.৯৩০ মে.টন চাল সিংহজানী এলএসডি-১ হতে ও ১২.০৬০ মে.টন চাল পিয়ারপুর এলএসডি হতে ভিডব্লিউবি এর চাল বিতরণ সম্পন্ন সম্পন্ন হয়েছে। জুলাই/২০২৫ মাসে ভিডব্লিউবি খাতে চালের বরাদ্দ/ছাড়পত্র পাওয়া যায়নি। এছাড়া উপজেলায় বিভিন্ন হাট বাজারে বাজার মূল্য মনিটরিং, মজুত বিরোধী অভিযান, মিল পরিদর্শন ও প্রশাসনের সহায়তায় ভ্রম্যমান মোবাইল কোর্ট পরিচালনা করে জরিমানা আদায় কার্যক্রম অব্যাহত আছে। | সরকারি নির্দেশনা মোতাবেক বিভাগীয় সকল কার্যক্রম যথাযথ ভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক<br>জামালপুর সদর<br>জামালপুর। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮. | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় বলেন যে, তার দপ্তরের কাজ সঠিক ও সুন্দর ভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমবায় কর্মকর্তা জামালপুর সদর জামালপুর। |
| ১৯. | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, জামালপুর সদর, জামালপুর সভায় জানান, জুলাই/২৫ মাসে ঋণ বিতরণ করা হয়েছে ০০ লক্ষ টাকা এবং আদায় হয়েছে ৬.২০ লক্ষ টাকা। ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ ১২০০.৫৪ লক্ষ টাকা এবং ক্রমপুঞ্জিত ঋণ আদায় ১১০৬.৯৭ লক্ষ টাকা। তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে ঋণ বিতরণ ও আদায় বিষয়ে তৎপর থাকা সহ বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জামালপুর সদর জামালপুর। |
| ২০. | উপজেলা আনসার ও ভিডিপি | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, জামালপুর সদর সভায় বলেন যে, তার দপ্তরের সকল কাজ সুষ্ঠু ও সুন্দর ভাবে চলছে। | সরকারি নির্দেশনা মোতাবেক বিভাগীয় সকল কার্যক্রম যথাযথ ভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা জামালপুর সদর জামালপুর। |
| ২১. | উপজেলা বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা, জামালপুর সদর সভায় অনুপস্থিত। এছাড়া কোন প্রতিনিধিও প্রেরণ করেননি। | সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | ফরেস্টার জামালপুর সদর জামালপুর। |
| ২২. | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (ইউডিএফ), জামালপুর সদর সভায় জানান, ইউজিডিপির আওতায় বাস্তবায়িত সকল অবকাঠামো উন্নয়ন প্রকল্পের পরিদর্শন কাজ চলমান আছে। স্থানীয় সরকার বিভাগ কর্তৃক নির্দেশনা মোতাবেক উপজেলা পরিষদের ওয়েব পোর্টাল নিয়মিত হালানাগাদ করার জন্য প্রয়োজনীয় ডকুমেন্টস আপলোড এবং শাহবাজপুর ইউনিয়নের জন্য নিবন্ধক হিসেবে দায়িত্ব পালন চলমান রয়েছে। তাছাড়া পঞ্চবার্ষিক পরিকল্পনা তৈরির জন্য তথ্য সংগ্রহের কাজ বিদ্যমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের ওয়েব পোর্টালটি নিয়মিত হালনাগাদ করার জন্য সংশ্লিষ্ট সকলকে তথ্য দিয়ে সহযোগিতা করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (ইউডিএফ) জামালপুর সদর জামালপুর। |
| ২৩. | উপজেলা পরিসংখ্যান বিভাগ। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, জামালপুর সদর, সভায় বলেন যে, তার দপ্তরের কার্যক্রম সঠিকভাবে পরিচালিত হচ্ছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা জামালপুর সদর জামালপুর। |
| ২4. | পল্লী সঞ্চয় ব্যাংক | উপজেলা শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, জামালপুর সদর সভায় অনুপস্থিত। এছাড়া কোন প্রতিনিধিও প্রেরণ করেননি। | সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক জামালপুর সদর জামালপুর। |
| ২৫. | উপজেলা (পিডিবিএফ) বিভাগ। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, জামালপুর সদর সভায় অনুপস্থিত। এছাড়া কোন প্রতিনিধিও প্রেরণ করেননি। | সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা জামালপুর সদর জামালপুর। |
| ২৬. | উপজেলা পাট উন্নয়ন বিভাগ | উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা, জামালপুর সদর, সভায় অনুপস্থিত। এছাড়া কোন প্রতিনিধিও প্রেরণ করেননি। | সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা জামালপুর সদর জামালপুর। |
| ২৭. | তথ্য আপা | উপজেলা তথ্য আপা, জামালপুর সদর সভায় বলেন যে, তার দপ্তরের সকল কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | তথ্য আপা জামালপুর সদর জামালপুর। |
| ২৮. | বিবিধ | <u>উপজেলা পরিষদের রাজস্ব আয় ও ব্যয়ের অনুমোদন:</u><br>সভায় গত ২৯ জুন, ২০২৫ খ্রি: তারিখ হতে ১৬ জুলাই, ২০২৫ খ্রি: তারিখ পর্যন্ত উপজেলা পরিষদের নিম্নবর্ণিত খাতসমূহ হতে বিভিন্ন খরচের ব্যয়ের বিষয়ে আলোচনা করা হয়েছে এবং উপজেলা পরিষদ মাসিক সভায় অনুমোদন করার জন্য প্রস্তাব পেশ করেন। নিম্নে ব্যয়ের খাত ও টাকার পরিমান সভায় উপস্থাপন করা হলো:-<br>ব্যয়ের খাত — টাকা<br>উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলে রাজস্ব উদ্বৃত্ত স্থানান্তর — ৪,৩৮,০৯,৩০১<br>সর্বমোট — ৪,৩৮,০৯,৩০১<br>কথায়: (চার কোটি আটত্রিশ লক্ষ নয় হাজার তিনশত এক) টাকা মাত্র।<br>এমতাবস্থায়, উল্লিখিত বিবরণ মোতাবেক স্থানান্তরিত টাকা উপজেলা পরিষদ মাসিক সভায় অনুমোদন করা যেতে পারে। | সভায় বিস্তারিত আলোচনান্তে ২০২৪-২৫ অর্থ বছরের রাজস্ব উদ্ধত্তের ৪,৩৮,০৯,৩০১ (চার কোটি আটত্রিশ লক্ষ নয় হাজার তিনশত এক) টাকা উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলে জমার সিদ্ধান্ত গৃহিত হলো। | প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার সদর, জামালপুর। |

অত:পর সভায় যে সকল আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে তা যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য উপস্থিত সদস্যগণকে অনুরোধ জানিয়ে এবং সকলের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি সভা সমাপ্ত ঘোষণা করেন।

(জিন্নাত শহীদ পিংকি)
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।
মোবাইল নম্বর ০১৭০৯-৯৭০০৫০
E-mail: unojamalpur@mopa.gov.bd

স্মারকনং-০৫.৪৫.৩৯৩৬.০০২.০৬.০০১.২৫-৮৫৭

তারিখ: ০৫ শ্রাবণ, ১৪৩২ বঙ্গাব্দ
২০ জুলাই, ২০২৫ খ্রি:।

কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:-

১। উপজেলা..................................................................................অফিসার, জামালপুর সদর, জামালপুর।
২। চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যান/প্রশাসক........................................ইউনিয়ন পরিষদ (সকল), জামালপুর সদর, জামালপুর।
৩। জনাব.....................................................................................সদস্য, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।
৪। জনাব ..........................................................................................................................................

উপজেলা নির্বাহী অফিসার
জামালপুর সদর, জামালপুর
ও
প্রশাসক
উপজেলা পরিষদ, জামালপুর সদর
জামালপুর।

স্মারকনং-০৫.৪৫.৩৯৩৬.০০২.০৬.০০১.২৫-৮৫৭

তারিখ: ০৫ শ্রাবণ, ১৪৩২ বঙ্গাব্দ
২০ জুলাই, ২০২৫ খ্রি:।

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ।
৩। জেলা প্রশাসক, জামালপুর।
৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জামালপুর।
৫। মেয়র/প্রশাসক, জামালপুর পৌরসভা, জামালপুর।
৬। অফিস কপি।